

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

[মুসক আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০১২.১২(অংশ-২) / ৭৮

তারিখঃ ২১ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ।
০৪ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ মেট্রোরেল সেবার উপর মূল্য সংযোজন করের প্রয়োজ্যতা প্রসঙ্গে।


সূত্রঃ (১) ঢাকা ম্যাস ট্রানজিট কোং লিঃ এর স্মারক নং-৩৫.০৫.০০০০.০১৪.০২.০০২.২৩-৭৬৫, তারিখঃ ১১/০৩/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে মেট্রোরেল সেবার উপর ২৮ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০ জুন, ২০২৪ খ্রিঃ
পর্যন্ত প্রদত্ত অব্যাহতির মেয়াদ শেষে মূল্য সংযোজন কর আরোপ না করার জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোং লিঃ কর্তৃক
জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করা হয়।

০৩। সূত্রোক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। রূপকল্প-২০৪১ অনুযায়ী উন্নত দেশের
কাতারে সামিলের লক্ষ্যকে সামনে রেখে দেশে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কার্যক্রম চলমান রয়েছে। উক্ত উন্নয়নমূলক
কার্যক্রম সম্পাদনে সরকারকে প্রতিনিয়ত অর্থের যোগান দিতে হচ্ছে, যা মূলত আহরিত হচ্ছে প্রত্যক্ষ ও পরোক্ষ করের
মাধ্যমে। দেশীয় শিল্পের বিকাশ, আমদানি বিকল্প পণ্য উৎপাদনে সক্ষমতা বৃক্ষি, ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশ ইত্যাদি
লক্ষ্যকে সামনে রেখে সময়ে সময়ে বিভিন্ন ক্ষেত্রে কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়ে থাকে। উন্নয়নের বিপুল কর্মসূজার
অর্থের ঘোগান অব্যাহত রাখাসহ দেশকে LDC হতে Graduation এবং কর-জিডিপি অনুপাত কাঞ্চিত মাত্রায় উন্নীত
করার লক্ষ্যে বিভিন্ন খাতের সক্ষমতা বিবেচনায় নিয়ে প্রদত্ত অব্যাহতি সুবিধা ক্রমান্বয়ে প্রত্যাহার করা হচ্ছে অর্থ্যাং
অব্যাহতির দ্বিতৰ সংকুচিত করা হচ্ছে।

০৪। বর্ণিতাবস্থায়, মেট্রোরেল সেবার উপর ২৮ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০ জুন, ২০২৪ খ্�রিঃ পর্যন্ত প্রদত্ত
অব্যাহতির মেয়াদ শেষে পুনরায় আলোচ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদানে জাতীয় রাজস্ব বোর্ড অপারগতা
জ্ঞাপন করছে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


০৫ April ২০২৪

[ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুসী]

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

ফোনঃ ০২২২২২১৭৭২৫, এক্সঃ ০৭৫৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ম্যাস ট্রানজিট কোং লিমিটেড
প্রবাসী কল্যান ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইন্ডাটন গার্ডেন
ঢাকা-১০০০।